২৬/৭/২০০৩

তারিখ ...........
পৃষ্ঠা ...... কলাম ......

দৈনিক ইত্তেফাক

# বৈধ ছাত্রদের হলে তুলিবার জন্য শুক্র ও শনিবার তল্লাশী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ সকল হল খালি করিয়া বৈধ ছাত্রদের হলে তুলিয়া দেওয়ার সিদ্ধান্ত লইয়াছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এইজন্য ২৭ এবং ২৮শে জুলাই ক্যাম্পাসের সকল হলে পর্যায়ক্রমে তল্লাশী চালান হইবে। তল্লাশীকালে বৈধ আবাসিক ও দ্বৈতাবাসিক ছাত্রদের স্ব স্ব কক্ষে অবস্থান করিতে বলা হইয়াছে।

গতকাল মঙ্গলবার ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক সভায় উপরোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তল্লাশীর পর কোন আবাসিক, দ্বৈতাবাসিক ও অনুমতিপ্রাপ্ত ছাত্র হলে থাকিতে চাহিলে সংশ্লিষ্ট শিক্ষকগণ উহার ব্যবস্থা করিবেন।

হলে তল্লাশীর সময়সূচী নিম্নরূপ ঃ ২৭শে জুলাই শুক্রবার বেলা ৯-১২টা কবি জসীমউদদীন হল, বঙ্গবন্ধু হল ও জিয়াউর রহমান হল এবং বিকাল ৩টা-৬টা সূর্যসেন, মুহসীন ও এএফ রহমান হল। ২৮শে জুলাই বেলা ৯-১২টা জহুরুল হক হল, সলিমুল্লাহ হল ও জগন্নাথ হল এবং বিকাল ৩টা-৬টা শহীদুল্লাহ ও ফজলুল হক হল।